



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ১৩ এপ্রিল ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশে বিচার বহির্ভূত শাস্তি প্রদান
সংক্রান্ত ঘটনায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ প্রদান

আজ ১৩ এপ্রিল ২০১৭ ইং তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশের নামে নারী ও পুরুষকে বিচার বহির্ভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনায় সুয়োমটো রুল নং- ০৩/২০১৭ এর শুনানীর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের ডিভিশন বেঞ্চ- কমলনগর উপজেলার ইউএনও কে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয় তিনি যেন সাব রেজিস্ট্রি অফিস থেকে স্ট্যাম্প ডিউটি বাবদ যে ১% রাজস্ব ইউনিয়ন পরিষদের যে ব্যাংক একাউন্টে জমা হয় সেই ব্যাংক একাউন্টটি কিভাবে পরিচালিত হয় এবং ৪নং চরমার্টিন ইউনিয়ন পরিষদে সেই অর্থ কিভাবে ব্যয় করা হয় - এর রিপোর্ট আদেশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে আদালতে দাখিলের নির্দেশ প্রদান করেন। পাশাপাশি কমলনগর উপজেলার দায়িত্বপ্রাপ্ত সাব রেজিস্ট্রারকে আগামী ১৫ দিনের মধ্যে একটি রিপোর্ট প্রদান করার নির্দেশ প্রদান করেন যেখানে ২০১২ থেকে বর্তমান সময় পর্যন্ত জমিজমা হস্তান্তর সংক্রান্ত কতগুলো দলিল রেজিস্টার করা হয়েছে এবং কি পরিমাণ অর্থ স্ট্যাম্প ডিউটির ১% হারে ইউনিয়ন পরিষদের ব্যাংক একাউন্টে জমা হয়েছে- এর উল্লেখ থাকবে।

সোনালী ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক পূর্ববর্তী আদেশ আনুযায়ী চরমার্টিন ইউনিয়ন পরিষদের নামে পরিচালিত হিসাবগুলোর লেজার বুক সহ ডিজিটাল ব্যাংক স্টেটম্যান্ট এর মূল কপি আদালতে উপস্থাপন করলে আদালত তা দেখার পর সেগুলো নিয়ে যাবার অনুমতি প্রদান করেন।

বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর এবং বিচারপতি এ, কে, এম, সাহিদুল হক গঠিত মহামান্য হাইকোর্ট বিভাগের ডিভিশন বেঞ্চ এই আদেশ প্রদান করেন। আগামী ০৯.০৫.২০১৭ তারিখ পরবর্তী শনানির দিন ধার্য করা হয়। উক্ত শুনানিতে ব্লাস্ট এর পক্ষে উপস্থিত ছিলেন ব্লাস্ট এর আইন উপদেষ্টা ও পরিচালক এডভোকেট এস এম রেজাউল করিম; প্যানেল আইনজীবী এডভোকেট আইনুন নাহার লিপি এবং ব্লাস্টের সিনিয়র স্টাফ আইনজীবী এডভোকেট শারমিন আক্তার। চেয়ারম্যানের পক্ষে উপস্থিত ছিলেন সিনিয়র এডভোকেট জনাব আব্দুর রব চৌধুরী। রাষ্ট্রপক্ষে উপস্থিত ছিলেন ডেপুটি এ্যাটর্নী জেনারেল এ.এস.এম. নাজমুল হক উপস্থিত ছিলেন।

প্রেক্ষাপট: গত ৩১ ডিসেম্বর ২০১৬ ইং তারিখ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক গ্রাম্য সালিশে নারী ও পুরুষকে ফতোয়ার নামে বিচার বহির্ভূত শাস্তি প্রদান করেন যা ১৪ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ বিডি নিউজ ২৪.কম এ সংবাদ আকারে প্রকাশিত হয়। সেই তারিখে ব্লাস্ট এর আইন উপদেষ্টা ও পরিচালক এডভোকেট এস এম রেজাউল করিম উক্ত ঘটনাটি আদালতের নজরে আনলে মহামান্য আদালত ঘটনাটিকে আমলে নেন। তাকে সহায়তা করেন ব্লাস্টের আইনজীবী এডভোকেট শারমিন আক্তার।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd